



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৮তম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। গত বুধবার সকালে রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ১৮তম সমাবর্তন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। এবারের সমাবর্তনে আভার গ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট প্রোগ্রামের ২ হাজার ৭৩ শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। এ ছাড়া আট মেধাবী শিক্ষার্থীকে দেওয়া হয় স্বর্ণপদক।

সমাবর্তন বক্তা ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. ইয়াসমিন হক। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। আরও বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট ট্রাস্টি বোর্ডের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমএম শহিদুল হাসান। তারা বলেন, তরুণদের গতিশীলতা ও উদ্ভাবনী ক্ষমতার মাধ্যমেই বাংলাদেশ আগামীতে কাজিক্ত অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক লক্ষ্যে পৌঁছাতে পারবে। সংবাদ বিজ্ঞপ্তি।